



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

## জরুরি বিজ্ঞপ্তি

নং- ঢাকিবো/৫১২/বিদ্যালয়-১/সাধারণ/১৬৬৯

তারিখ : ৩০/১০/২০১৯

বিষয় : নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় এবং উচ্চমাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি পর্যন্ত) শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অতিরিক্ত শ্রেণি শাখা খোলা, ৭০০/১০০০/১৩০০ এর উর্দ্ধের শিক্ষার্থী ভর্তির অনুমতি এবং হালনাগাদ স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।

অত্র বোর্ডের আওতাধীন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় এবং উচ্চমাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি পর্যন্ত) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ অতিরিক্ত শ্রেণি শাখা খোলা, ৭০০/১০০০/১৩০০ এর উর্দ্ধের শিক্ষার্থী ভর্তির অনুমতি ও স্বীকৃতি নবায়নের লক্ষ্যে নিম্নের বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। **নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি পর্যন্ত)** : প্রতিটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে একক শ্রেণির/শাখার শিক্ষার্থীর সংখ্যা হবে ৫০ (পঞ্চাশ)। তবে শিক্ষার্থীর সংখ্যা ৫০ (পঞ্চাশ)-এর অধিক হলে পরবর্তী ৪০ (চাল্লিশ) জনের জন্য ২য় শাখা খোলা যাবে। তাই বা পরবর্তী প্রতি শাখার জন্য পূর্ববর্তী শাখায় ৫০ (পঞ্চাশ) জন পূর্ণ হতে হবে। উক্ত সংখ্যা পরিদর্শন দিনে শিক্ষার্থীর উপস্থিতি গণনায় নির্ধারিত হবে।

২। **মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি পর্যন্ত)** :

(ক) নবম শ্রেণিতে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা ইত্যাদি খোলার অনুমতি থাকতে হবে এবং উক্ত বিভাগ খোলার জন্য প্রতি বিভাগে (Each strem) নৃণ্যতম ২৫ (পঁচিশ) জন শিক্ষার্থী থাকতে হবে।

(খ) একক শ্রেণির/শাখার শিক্ষার্থীর সংখ্যা হবে ৫০ (পঞ্চাশ)। তবে শিক্ষার্থীর সংখ্যা ৫০ (পঞ্চাশ)-এর অধিক হলে পরবর্তী ৪০ (চাল্লিশ) জনের জন্য ২য় শাখা খোলা যাবে। তাই বা পরবর্তী প্রতি শাখার জন্য পূর্ববর্তী শাখায় ৫০ (পঞ্চাশ) জন পূর্ণ হতে হবে। উক্ত সংখ্যা পরিদর্শন দিনে শিক্ষার্থীর উপস্থিতি গণনায় নির্ধারিত হবে।

৩। **উচ্চমাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ হতে ১২ম শ্রেণি পর্যন্ত)** : উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি পর্যন্ত একক শ্রেণির/শাখার শিক্ষার্থীর সংখ্যা হবে ৫০ (পঞ্চাশ)। তবে শিক্ষার্থীর সংখ্যা ৫০ (পঞ্চাশ)-এর অধিক হলে পরবর্তী ৪০ (চাল্লিশ) জনের জন্য ২য় শাখা খোলা যাবে। তাই বা পরবর্তী প্রতি শাখার জন্য পূর্ববর্তী শাখায় ৫০ (পঞ্চাশ) জন পূর্ণ হতে হবে। উক্ত সংখ্যা পরিদর্শন দিনে শিক্ষার্থীর উপস্থিতি গণনায় নির্ধারিত হবে।

উল্লিখিত ১, ২ ও ৩ ক্রমিকের যে সমস্ত প্রতিষ্ঠানে (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) একক শ্রেণি/শাখার শিক্ষার্থীর সংখ্যা বেশি সেসমস্ত প্রতিষ্ঠানকে শ্রেণি/শাখা খোলার অনুমতি গ্রহণ করতে হবে।

৪। নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চমাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি পর্যন্ত) সমূহে শিক্ষার্থীর সংখ্যা আনুপাতিক হারে বৃদ্ধি পেলে নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে যথাক্রমে অনুর্ধ্ব ৪৫০ জন ও ২৫০ জন অর্থাৎ ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি পর্যন্ত মোট ৭০০ জন শিক্ষার্থী সংশ্লিষ্ট মাধ্যমিক বিদ্যালয় বোর্ডের পূর্বানুমতি ব্যতীত ভর্তি করাতে পারবে। এ সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করাতে হলে সংশ্লিষ্ট বিদ্যালয় বোর্ডের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। এক্ষেত্রে ৭০০ (সাতশত), ১০০০ (এক হাজার) ও ১৩০০ (এক হাজার তিনশত) উর্দ্ধে শিক্ষার্থী ভর্তি করাতে হলে সংশ্লিষ্ট বিদ্যালয় বোর্ডের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫। সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি নবায়ন আপটুডেট/হালসন নাগাদ থাকতে হবে। যথাসময়ে স্বীকৃতি নবায়নের লক্ষ্য প্রয়োজনীয় ব্যবস্থাদি সম্পত্তি না করলে অর্থাৎ হালসন নাগাদ স্বীকৃতি না থাকলে/পরপর দু'বারের অধিক এডহক কমিটি গঠনের দ্রষ্টান্ত থাকলে/বোর্ডের নিয়মনীতি ও নির্দেশাবলী লঙ্ঘন করলে/যথাসময়ে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন না করলে/পরীক্ষার্থী প্রেরণ বা পরীক্ষা পরিচালনায় অসদাচরণের প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রত্যাহার করা যাবে।

৬। অত্র বোর্ডের বিদ্যালয় শাখার সেকশন অফিসার জনাব মোঃ মুশফিকুর রহমান (১০২নং কক্ষ)-এর নিকট নিম্নের্বর্ণিত কাগজপত্র জমা দিতে হবে :

- (i) ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী সংখ্যা;
- (ii) অতিরিক্ত শ্রেণি শাখা খোলার অনুমতিপত্র;
- (iii) সহশিক্ষা চালুকরণের অনুমতিপত্র;
- (iv) বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা শাখা খোলার অনুমতিপত্র;
- (v) ডাবল শিফট খোলার অনুমতিপত্র;
- (vi) ব্রাঞ্ছ খোলার অনুমতিপত্র;
- (vii) সর্বশেষ স্বীকৃতিপত্র/স্বীকৃতি নবায়নপত্র;
- (viii) সর্বশেষ কমিটি অনুমোদনপত্র;
- (ix) ট্রাস্ট/সংস্থা পরিচালিত প্রতিষ্ঠান হলে নিবন্ধন সনদ কপি।

৭। বিদেশি কারিকুলাম-এ পরিচালিত অর্থাৎ আন্তর্জাতিকভাবে স্বীকৃত ইংরেজি মাধ্যমে পরিচালিত প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই এস.আর.ও. নং- ১৭৩-আইন/২০১৭- Registration of Private School Ordinance, 1962 (Ordinance No. xx of 1962)-এর Section 8 এর প্রদত্ত ক্ষমতাবলে প্রণিত বিধিমালা অনুযায়ী সাময়িক নিবন্ধন গ্রহণ করতে হবে এবং নিবন্ধন ও নিবন্ধন নবায়ন হালসন নাগাদ রাখতে হবে। বিধিমালার ৭ ধারা মোতাবেক কমিটি গঠন করে বোর্ড থেকে অনুমোদন নিতে হবে।

উল্লিখিত বিধি-বিধান অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

চেয়ারম্যান মহোদয়ের আনন্দেশক্রমে

মোহাম্মদ আবুল মন্তুর ভূঁওঁ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান